

তথ্য কমিশন বাংলাদেশ
এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.infocom.gov.bd

১৮ এপ্রিল, ২০২৪ তারিখ বেলা ১০:০০ টায় অনুষ্ঠিতব্য প্যানেল আইনজীবীদের ফি নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : ডক্টর আবদুল মালেক
প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন বাংলাদেশ।
সভার তারিখ : ১৮/০৪/২০২৪
সভার সময় : বেলা ১০.০০ টা
স্থান : কমিশনের সম্মেলন কক্ষ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (গ.প্র.প্র) জানান যে, তথ্য কমিশনে ২৪ টি রীট পিটিশন মামলা মাননীয় আদালতে চলমান রয়েছে। মামলাগুলোর বিষয়ে যথাযথভাবে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছেনা। এ কারণে দ্রুত আইনজীবী নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে রীট পিটিশন মামলা নং ৫৮৭/২০২৪ এর বিরুদ্ধে লিভ টু আপিল করার সিদ্ধান্ত গ্রহণ করা হলে এ সংক্রান্ত প্রয়োজনীয় ফি নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট আইনজীবীর সাথে আলোচনান্তে লিভ টু আপিল দাখিল করা হয়েছে। তিনি জানান, তথ্য কমিশনে মামলা পরিচালনার জন্য আইনজীবীদের ফি নির্ধারণ সংক্রান্ত সুস্পষ্ট কোন নির্দেশনা বা অফিস আদেশ নেই, শুধু ০৬/০৩/২০১৮ তারিখের একটি কমিশন সভার কার্যবিবরণী রয়েছে। তথ্য কমিশন কর্তৃক ফি নির্ধারণের লক্ষ্যে দেশের অন্যান্য কমিশনের মধ্য থেকে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক ব্যবহৃত আইনজীবীর ফি নির্ধারণ সংক্রান্ত ছাপানো একটি নির্দেশিকাপত্র সংগ্রহ করা হয়। জাতীয় মানবাধিকার কমিশনের উক্ত নির্দেশিকাপত্রে উল্লেখিত আইনজীবীর ফি নির্ধারণ সংক্রান্ত বিষয়াদি সভায় তথ্য কমিশনের আইনজীবী ফি নির্ধারণের জন্য সহায়ক হিসেবে গ্রহণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে কমিশনের বৈঠকে সর্বসম্মতিক্রমে তথ্য কমিশনের পক্ষে মামলা পরিচালনার জন্য বিজ্ঞ আইনজীবীদের ফি নিম্নরূপ নির্ধারণ করা হয়ঃ

সিদ্ধান্ত: ০১

ক) আপিল বিভাগ

| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|-----------|----------------------------------------------------------------------------------|----------------------|
| ১ | আপিলের অনুমতি বা লিভ-টু আপিল প্রস্তুত, দায়ের ও শুনানি বাবদ | ৫০,০০০ টাকা |
| | আনুষঙ্গিক খরচ | ২০,০০০ টাকা |
| ২ | আপিলের মুসাবিদা প্রস্তুত, দায়ের ও শুনানি বাবদ | ৭৫,০০০ টাকা |
| | পেপারবুক ইত্যাদি প্রস্তুত বাবদ আনুষঙ্গিক খরচ | ৩০,০০০ টাকা |
| ৩ | মামলা গুণাগুণ বা অন্যান্য বিষয় সম্পর্কে আইনগত মতামত (Legal Opinion) প্রদান বাবদ | ১৫,০০০ টাকা |
| ৪ | এ্যাডভোকেট অন রেকর্ডের ফি | ১৫,০০০ টাকা |

খ) হাইকোর্ট বিভাগ

| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|-----------|----------------------------------------------------------------------------------|----------------------|
| ১ | দরখাস্তের মুসাবিদা প্রস্তুত, দায়ের ও শুনানি বাবদ | ৫০,০০০ টাকা |
| ২ | আনুষঙ্গিক খরচ | ১৫,০০০ টাকা |
| ৩ | মামলা গুণাগুণ বা অন্যান্য বিষয় সম্পর্কে আইনগত মতামত (Legal Opinion) প্রদান বাবদ | ১০,০০০ টাকা |
| ৪ | পক্ষ ভুক্তির দরখাস্ত | ৫,০০০ টাকা |
| ৫ | ওকালতনামা প্রস্তুত ও দাখিল | ২,০০০ টাকা |
| ৬ | Supplementary Petition /Affidavit দাখিল ও শুনানি | ৩,০০০ টাকা |
| ৭ | অন্যান্য Application/Petition/ Affidavit দাখিল ও শুনানি | ৩,০০০ টাকা |
| ৮ | Substitute Petition (কায়মোকাম) | ৫,০০০ টাকা |

গ) অন্যান্য মামলা মোকদমার ক্ষেত্রে

| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|-----------|-----------------------------------------------------------------------------|----------------------|
| ১ | মামলা মোকদমার দরখাস্ত/আরজী/লিখিত জবাব প্রস্তুত, দায়ের ও শুনানিসহ আনুষঙ্গিক | ৪০,০০০ টাকা |

সিদ্ধান্ত: ০২

সম্মানিত তথ্য কমিশনার জনাব শহীদুল আলম বিনুক এর নেতৃত্বে ইতঃপূর্বে গঠিত কমিটি প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনান্তে সুপারিশমালা প্রণয়ন করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মাসুদা ভাট্টা)
তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্বাক্ষরিত/-
(শহীদুল আলম বিনুক)
তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ


স্বাক্ষরিত/-
(ডক্টর আবদুল মালেক)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.২৪.১০৯৪

তারিখ: ২১/০৫/২০২৪

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৩) উপপরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৪) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৫) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৬) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৭) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
- ৮) অফিস কপি।


(হেলাল আহমেদ)

সহকারী পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ